ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪০৯৮

আগরতলা,৭ ডিসেম্বর,২০২৩

**সাংবাদিক সম্মেলনে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী**

**রাজনৈতিক সন্ত্রাসে মৃত পরিবারের কল্যাণে রাজ্য সরকারের গৃহীত প্রকল্পে ১৫ জনকে সরকারি চাকরি**

৯ মার্চ ২০১৮ সালের আগে রাজনৈতিক সন্ত্রাসে মারা গেছেন এমন পরিবারের কল্যাণে রাজ্য সরকারের গৃহীত প্রকল্প অনুসারে এখন পর্যন্ত ১৫ জনকে সরকারি চাকরি দেওয়া হয়েছে। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ এ সংবাদ জানান। কৃষিমন্ত্রী জানান, বর্তমান রাজ্য সরকার দায়িত্ব গ্রহণ করার পর ২০২০ সালের ২৩ ডিসেম্বর সিদ্ধান্ত নেয় যে ২০১৮ সালের মার্চের আগে রাজনৈতিকভাবে খুন হয়েছেন এমন পরিবারের পাশে দাঁড়াবে। সেই পরিবারে একটি করে সরকারি চাকরি প্রদানেরও সিদ্ধান্ত নেওয়া হয়। এরজন্য রাজ্য সরকারের পক্ষ থেকে একটি স্ক্রুটিনি কমিটি গঠন করা হয়। এই স্ক্রুটিনি কমিটি তদন্ত করে সুপারিশ করার পর চাকরি প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়। এখন পর্যন্ত ২৬টি আবেদনপত্র জমা পড়েছে রাজনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত পরিবারের পক্ষ থেকে। এরমধ্যে স্ক্রুটিনি কমিটি তদন্ত সাপেক্ষে ১৫ জনের নাম সুপারিশ করেছে। যাদের পরিবর্তিতে চাকরি দেওয়া হয়েছে। উল্লেখ্য, ২০২৩ সালের ১৪ জুন স্ক্রুটিনি কমিটি পুনর্গঠিত হয়েছে। বর্তমানে এই কমিটির চেয়ারম্যান হচ্ছেন কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ ও কনভেনার হচ্ছেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন আইন সচিব, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব, আরক্ষা দপ্তরের অতিরিক্ত সচিব প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ আরও জানান, আজ এই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় ৬টি আবেদনপত্রের পর্যালোচনা করে ৩টি পরিবারে চাকরি দেওয়ার সুপারিশ করা হয়। তিনি জানান, ২০১৮ সালের ৯ মার্চের আগে যাদের পরিবার রাজনৈতিক সন্ত্রাসের শিকার হয়েছে কিন্তু এখনও পরিবারের পক্ষ থেকে সরকারি সহায়তার জন্য আবেদন করেননি তারাও সংশ্লিষ্ট মহকুমা শাসকের অফিসে গিয়ে নির্ধারিত ফর্মে আবেদন করতে পারবেন।

*****